গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তির অনলাইন প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩২৮২ তারিখ: ১৪/০৯/২০২৫ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির অনলাইন প্রাথমিক আবেদন **১৬ সেপ্টেম্বর ২০২৫ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।** আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট http://app11.nu.edu.bd/-এ প্রবেশ করে প্রাথমিক আবেদন সংগ্রহ করতে হবে। আবেদন ফরম দাখিলের সময় প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন দাখিলের পর কলেজের ওয়েবসাইট http://bbagc.eshiksabd.com/ হতে প্রাথমিক আবেদন ফি ৪০০/- (চারশত) টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতিত) কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধের অনুমোদন নিতে হবে। অনুমোদন গ্রহণের পর আগামী **১৯ অক্টোবর ২০২৫ বিকাল ০৪:০০ টার** মধ্যে প্রাথমিক আবেদন ফি ৪০০/- (চারশত) টাকা পরিশোধ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন-এর ডাউনলোডকৃত কপি ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি জমার রশিদ ভবিষ্যতের প্রয়োজনে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি জমার রশিদ কলেজে জমা দিতে হবে না।

### জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ বিষয় ও তারিখ

| ক্রমিক | বিবরণ | ওয়েবসাইট/ স্থান | তারিখ |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক আবেদন ফরম পূরণ | http://app11.nu.edu.bd/ | **১৬/০৯/২০২৫ হতে ১৫/১০/২০২৫ পর্যন্ত** |
| ২. | আবেদন ফি পরিশোধের অনুমোদন | http://bbagc.eshiksabd.com/ | **১৭/০৯/২০২৫ হতে ১৯/১০/২০২৫ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত** |
| ৩. | **প্রাথমিক আবেদন ফি ৪০০/- (চারশত) টাকা জমাদান** | Bkash, Nagad অথবা Upay App-এর মাধ্যমে | |

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়া:-**

ধাপ ১: http://app11.nu.edu.bd/ ওয়েবসাইটে প্রবেশ করে Apply Now (Degree Pass) এ ক্লিক করতে হবে।
ধাপ ২: Application Form এর চাহিত সকল তথ্য, ছবি **(সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়)** ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।
ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণের পর আবেদন ফি পরিশোধের অনুমোদন প্রক্রিয়া:-**

ধাপ ১ : http://bbagc.eshiksabd.com/ ওয়েবসাইটে User Name: bbagcstudent Password: bbagcstudent দিয়ে লগইন করতে হবে।
ধাপ ২ : Apply for Application Form-এ সিলেক্ট করতে হবে।
ধাপ ৩ : Select Application Group হতে Admission Degree Pass নির্বাচন করতে হবে।
ধাপ ৪ : NU Application ID-এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন-এর ০৭ সংখ্যার Application ID সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৫ : Student Name-এ ইংরেজিতে SSC-এর সনদ অনুসারে শিক্ষার্থীর নাম সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৬ : Mobile Number-এ শিক্ষার্থীর/ অভিভাবকের মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৭ : সঠিকভাবে তথ্য সরবরাহের পর Submit এ ক্লিক করতে হবে।

**প্রাথমিক আবেদন ফি জমাদান প্রক্রিয়া:**

ধাপ ১: Bkash, Nagad অথবা Upay App-এ Login করতে হবে।
ধাপ ২: **নগদ এর ক্ষেত্রে** Bill Pay, **বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে** Education Fee **সিলেক্ট করতে হবে।**
ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College **সিলেক্ট করতে হবে।**
ধাপ ৪: NU Application ID-এ (প্রাথমিক আবেদন-এর ০৭ সংখ্যার Application ID) লিখতে হবে।ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

১) **শিক্ষার্থীর আবেদন ফরম-এর Application ID এবং নাম সঠিকভাবে যাচাই করে ফি পরিশোধ করতে হবে এ সংক্রান্ত কোনো ভুলের (ভুল Application ID-এ টাকা জমা) সকল দায়ভার শিক্ষার্থীকে বহন করতে হবে।**
২) আবেদন ফি পরিশোধ ব্যতিত প্রাথমিক আবেদন নিশ্চয়ন (Confirm) হবে না।
৩) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাকৃত টাকার রশিদ সংরক্ষণ করতে হবে।
৪) প্রাথমিক আবেদনের যাবতীয় প্রক্রিয়া অনলাইনে সম্পাদিত হওয়ায় কোন শিক্ষার্থীকে এ সংক্রান্ত কাজে কলেজ ক্যাম্পাসে আসতে হবে না।

16.9.25
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর